রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, মার্চ ১২, ১৯৮৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

প্রজ্ঞাপন

(শুল্ক ও বিক্রয় কর)

ঢাকা, ২৬শে ফাল্গুন, ১৩৯৪/১০ই মার্চ, ১৯৮৮

এস,আর, ও ৬২-এল/৮৮/১১১০/কাস—Customs Act, 1969 (IV of 1969) এর Section 219 উক্ত [Act এর Section 21 (c)এর সহিত পঠিত] এবং Sales Tax Ordinance (XVIII of 1982) এর Section 5A-তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা—

১। এই বিধিমালা ব্যাক-টু-ব্যাক এল, সি, এর বিপরীতে বৈদেশিক মুদ্রার বিনিময়ে পণ্য সরবরাহের ক্ষেত্রে পণের উৎপাদনে ব্যবহৃত আমদানীকৃত কাঁচামালের উপর পরিশোধিত শুল্ক ও বিক্রয় কর প্রত্যর্পণ বিধিমালা, ১৯৮৮ নামে অভিহিত হইবে।

২। (১) স্থানীয় কোন উৎপাদনকারী আমদানীকৃত কাঁচামাল দ্বারা প্রস্তুত কোন পণ্য বা প্রক্রিয়াজাত কাঁচামাল বৈদেশিক মুদ্রায় ব্যাক-টু-ব্যাক এল,সি, এর মাধ্যমে কোন রপ্তানীকারককে রপ্তানী পণ্য উৎপাদনের জন্য সরবরাহ করিলে উক্ত পণ্য উৎপাদনে ব্যবহৃত আমদানীকৃত কাঁচামালের উপর পরিশোধিত শুল্ক ও বিক্রয় কর-এর সম্পূর্ণ বা আংশিক প্রত্যর্পণযোগ্য হইবে।

(২) বোর্ড উপ-বিধি (১) এ বর্ণিত শুল্ক ও বিক্রয় কর প্রত্যর্পণের হার বা পরিমান সমহার (ফ্লাট রেট) ভিত্তি, সরবরাহকারক ভিত্তি অথবা চালান ভিত্তিতে নির্ধারণ করিয়া যে কোন শর্ত সাপেক্ষে উহা প্রজ্ঞাপণ বা আদেশ মারফত জারী করিতে পারিবে।



মূল্যঃ ৩০ পয়সা

৩। (১) ব্যাক-টু-ব্যাক এল.সি. পাইবার ১৫ দিনের মধ্যে স্থানীয় পণ্য সরবরাহকারীকে শুল্ক রেয়াত ও প্রত্যার্পণ পরিদপ্তর (অতঃপর পরিদপ্তর নামে অভিহিত) এর পরিচালকের নিকট এস.আর.ও ৪৬-আইন/৮৮/৯১০৭/শুল্ক, তারিখ ২৫-২-৮৮ এর সংগে সংযুক্ত এক্স ডি-১ ফরম (প্রয়োজনীয় পরিবর্তনপূর্বক) যথাযথভাবে পূরণ করিয়া আবেদন পত্র দাখিল করিতে হইবে। উক্তরূপ আবেদনপত্রের সহিত পণ্যের উৎপাদনে ব্যবহৃত কাঁচামাল ও মোড়কের সহ উক্ত এস.আর.ও তে সংযুক্ত এক্স ডি-২ ফরম পূরণ করিয়া সংযুক্ত করিতে হইবে।

(২) আবেদনের সহিত রপ্তনী পণ্যের দুই প্রস্থ বা প্রয়োজনবোধে ততোধিক নমুনা সংযোজন করিতে হইবে।

(৩) ব্যাক-টু-ব্যাক এল. সি. অবশ্যই বৈদেশিক মুদ্রায় খুলিতে হইবে এবং উহার মূল কপি অথবা সংশ্লিষ্ট ব্যাংকের অনুমোদিত কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে সংযোজন করিতে হইবে।

(৪) ব্যাক-টু-ব্যাক এল. সি. তে মূল রপ্তানী এল.সি-এর উল্লেখ থাকিতে হইবে এবং সংশ্লিষ্ট ব্যাংকের অনুমোদিত কর্মকর্তা কর্তৃক সত্যায়িত উক্ত এক্সপোর্ট এল. সি এর অনুলিপি আবেদনপত্রের সাথে সংযোজন করিতে হইবে।

৪। (১) আবেদনপত্র পাইবার পর পরিদপ্তর উক্ত আবেদনপত্র ও দাখিলকৃত দলিলাদি যথাযতভাবে পরীক্ষা করিয়া প্রত্যার্পণ দাবীর যথার্থতা নিরূপণ করিবেন।

(২) যদি আবেদনপত্র অসম্পূর্ণ হয় বা প্রয়োজনীয় কাগজপত্রাদি বা নমুনার অভাব থাকে, তবে উক্ত আবেদনপত্র যথাযথভাবে পূরণ করিবার বা, ক্ষেত্রমত, প্রয়োজনীয় কাগজপত্রাদি বা নমুনা প্রেরণের জন্য আবেদনকারীকে নির্দেশ দান করিবে।

(৩) আবেদনকারী দফা (২) এর অধীন নির্দেশে উল্লিখিত সময়ের মধ্যে ফরম/আবেদনপত্র যথাযথভাবে পূরণ করিতে বা প্রয়োজনীয় কাগজপত্র বা নমুনা প্রেরণ করিতে ব্যর্থ হইলে পরিদপ্তরের পরিচালক উক্ত আবেদন পরিত্যক্ত বলিয়া গণ্য করিবার সুপারিশ করিয়া আবেদনপত্রটি বোর্ডে প্রেরণ করিবেন।

৫। (১) আবেদনপত্র ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি নিরীক্ষার পর যদি তাহা যথাযথ পাওয়া যায় তবে পরিদপ্তরের কর্মকর্তাগণ প্রত্যার্পণযোগ্য শুল্কের পরিমান নির্দ্ধারণ করিবার জন্য উৎপাদনকারীর কারখানায় জরীপ পরিচালনা করিবেন।

(২) জরীপ কালীন সময়ে পরিদপ্তরের কর্মকর্তাগণ সংশ্লিষ্ট ব্যাংক হইতে বৈদেশিক মুদ্রায় মূল্য প্রাপ্তির প্রমাণপত্র অবশ্যই বাচাই করিয়া দেখিবেন এবং রপ্তানীকারকের বণ্ডে ওয়ারহাউজ পরিদর্শনপূর্বক সরবরাহকৃত পণ্যের প্রাপ্তি ও ওয়ারহাউজ রেকর্ডে শুল্ক অফিসার কর্তৃক উহার প্রমাণিত অন্তর্ভুক্তি সম্বন্ধে নিশ্চিত হইবেন।

(৩) এই বিধিমালার অধীন সমহার ভিত্তিক বা অন্যবিধ প্রত্যার্পণ নির্দ্ধারণ বা পুনঃনির্ধারণের উদ্দেশ্যে বা অন্য কোন যুক্তিসংগত কারণে পরিদপ্তরের কর্মকর্তাগণ লিখিত নোটিশ দিয়া সংশ্লিষ্ট কারখানা, ওয়ারহাউজ ও প্রতিষ্ঠানসমূহ জরীপ বা পরিদর্শন করিতে পারিবেন এবং উক্তরূপ জরীপ বা পরিদর্শনকালে সরবরাহকারী/উৎপাদনকারী/রপ্তানীকারক উক্ত কর্মকর্তাগণের সহিত সর্বপ্রকার সহযোগীতা করিতে বাধ্য থাকিবেন।

৬। সরবরাহকারী যদি প্রস্তুতকারক না হন তবে তিনি প্রকৃত প্রস্তুতকারকের কারখানায় জরীপ পরিচালনা এবং পরিদপ্তরের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় তথ্যাদি সরবরাহ করার ব্যবস্থা গ্রহণ করিতে বাধ্য থাকিবেন।

৭।(১) ব্যাক-টু-ব্যাক এল,সি, এর আওতায় সরবরাহযোগ্য পণ্য রপ্তানীকারক ওয়্যার-হাউজিং পদ্ধতির মাধ্যমে বণ্ড অফিসারের তত্ত্বাবধানে নিজ বণ্ডে/স্পেশাল বণ্ডে সংগ্রহ করিবেন এবং ওয়্যারহাউজ রেজিষ্টার এবং পাশ বই (প্রযোজ্য ক্ষেত্রে) এ উক্ত সংগৃহীত পণ্যের বিবরণ লিপিবদ্ধ ও বণ্ড অফিসার দ্বারা প্রমানিত করাইবেন। যদি সংশ্লিষ্ট ওয়্যারহাউজে নিয়মিতভাবে কোন বণ্ড অফিসার নিয়োজিত না থাকেন, তবে পণ্য সংগ্রহকালে রপ্তানীকারক উপস্থিত থাকিয়া পণ্য সংগ্রহ ও ওয়্যারহাউজ রেকর্ডে লিপিবদ্ধ ও প্রমানিতকরনের জন্য অফিসার নিয়োগ করিতে সংশ্লিষ্ট প্রশাসনিক কালেকটর অব কাষ্টমস (বণ্ড শাখা)-কে অগ্রিম সংবাদ দিবেন।

(২) উৎপাদনকারী/রপ্তানীকারক উক্ত সংগৃহীত পণ্য দ্বারা প্রস্তুতকৃত রপ্তানী দ্রব্যের সংরক্ষণ, রপ্তানী বা অন্য কোন প্রকারের হস্তান্তরের বিবরণ সংশ্লিষ্ট পাশ বই, রেজিষ্টার ও বোর্ড কর্তৃক নির্দ্ধারিত অন্যান্য রেকর্ড (যদি থাকে) এ লিপিবদ্ধ করিবেন এবং বণ্ড অফিসার কর্তৃক উহা প্রমানিকৃত করাইবেন।

৮। (১) জরীপ সম্পন্ন করিবার পর পরিচালক প্রত্যর্পনযোগ্য শুল্ক ও বিক্রয় করের সমহার বা পরিমাণ নির্দ্ধারণ করিয়া বোর্ডে প্রতিবেদন প্রেরণ করিবেন।

(২) দফা (১) এর অধীন প্রাপ্ত জরীপ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্রাদি পর্য্যালোচনা করিয়া যদি বোর্ড সন্তুষ্ট হয়, তাহা হইলে প্রত্যর্পণের সমহার বা পরিমান চূড়ান্ত-ভাবে নির্ধারণ করিয়া উহা সম্পর্কে প্রজ্ঞাপণ বা আদেশ জারী করিবেন।

(৩) যদি দফা (১) এর অধীন প্রাপ্ত জরীপ প্রতিবেদন সম্পর্কে বোর্ড সন্তুষ্ট না হয়, তাহা হইলে বোর্ড প্রতিবেদনটি পুনর্বিবেচনার জন্য বোর্ডের মন্তব্যসহ পরিচালকের নিকট ফেরত পাঠাইবেন।

(৪) দফা (২) এর অধীন নির্দ্ধারিত প্রত্যার্পণ যে কালেকটরেটের মাধ্যমে কাঁচামাল আমদানী করা হইয়াছে সেই কালেকটরেট অথবা বোর্ড কর্তৃক এতদদুদ্দেশ্যে নির্দেশিত কালেকটরেট কর্তৃক প্রদান করা হইবে।

৯। ব্যাক-টু-ব্যাক এল, সি, এর মাধ্যমে সংগৃহীত পণ্য ও তদ্বারা প্রস্তুতকৃত দ্রব্য রপ্তানী করিতে ব্যর্থ হইলে সরবরাহকারী/রপ্তানীকারক উক্ত সংগৃহীত পণ্য বাবদ প্রত্যর্পিত শুল্ক, বিক্রয় কর ও অন্যান্য কর (যদি কিছু থাকে) এক্সপোর্ট এল,সি, এর তামাদি তারিখ, অথবা Customs Act, 1969 এর Section 98 মোতাবেক উক্ত পণ্য বণ্ডে নেওয়ার তারিখ হইতে দুই বৎসর অতিক্রান্ত হওয়ার তারিখ, যাহাই পূর্বে হউক, এরপর ফেরত প্রদানে বাধ্য থাকিবেন। প্রত্যর্পণ দাবী করার উদ্দেশ্যে সংগৃহীত পণ্য ও তদ্বারা প্রস্তুতকৃত দ্রব্য জরীপ-এর আবেদন দাখিল করিবার সময় যথাযথ মূল্যের নন-জুডিশিয়াল ষ্ট্যাম্প পেপারে সরবরাহকারী ও রপ্তানীকারকের যুগ্ম স্বাক্ষরে একটি অংগীকারনামা সংশ্লিষ্ট ওয়্যার-হাউজের প্রশাসনিক কালেকটরেরের নিকট দাখিল করিতে হইবে এবং উক্ত অংগীকারনামার একটি অনুলিপি (সংশ্লিষ্ট কালেকটর কর্তৃক সত্যায়িত) শুল্ক ও বিক্রয় কর প্রত্যর্পণের আবেদনের সহিত পরিদপ্তরে দাখিল করিতে হইবে।

১০। প্রথম বারের মত সমহার প্রাপ্তির ক্ষেত্রে সরবরাহকারীকে নমুনাসহ বিধি ৩ মোতাবেক পরিদপ্তরে আবেদন পত্র পেশ করিতে হইবে। আবেদনপত্র পরীক্ষান্তে পরিদপ্তর বিধি ৮(২) অনুযায়ী বোর্ডের নিকট একটি প্রতিবেদন প্রেরণ করিবেন এবং বোর্ড উক্ত প্রতিবেদন প্রাপ্তির পর বিধি ৮ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

১১। (১) বিধি ৮(৪) এর অধীনে প্রত্যার্পন গ্রহণের জন্য সরবরাহকারী/উৎপাদনকারী/রপ্তানীকারককে সংশ্লিষ্ট কালেকটরেটের নিকট নিম্নবর্ণিত দলিলাদি/কাগজপত্র পেশ করিতে হইবে, যথাঃ—

(ক) এ্যাপ্রেইজার কর্তৃক প্রত্যায়িত ইনভয়েসসহ বিল অব এন্ট্রীর তৃতীয় অনুলিপি;

(খ) সংশ্লিষ্ট ব্যাংকের অনুমোদিত কর্মকর্তা কর্তৃক সত্যায়িত রপ্তানী এল,সি এর অনুলিপি;

(গ) সংশ্লিষ্ট ব্যাংকের অনুমোদিত কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ব্যাক-টু-ব্যাক এল,সি এর অনুলিপি এবং ফেরতযোগ্য মূল ব্যাক-টু-ব্যাক এল,সি;

(ঘ) ডেলিভারী চালানের দ্বিতীয়/তৃতীয় অনুলিপি, সরবরাহ প্রাপকের প্রাপ্তি স্বীকার জ্ঞাপক পত্র; এবং

(ঙ) কাষ্টমস পাশ বই (প্রযোজ্য ক্ষেত্রে)।

(২) দফা (১) এর অধীন পেশকৃত দলিলাদি/কাগজপত্র সংশ্লিষ্ট কালেকটর বা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক পরীক্ষান্তে উহা সঠিক বলিয়া প্রমাণিত হইলে উক্ত কালেকটর বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা বোর্ড কর্তৃক নির্ধারিত প্রত্যার্পণ পরিশোধ করিবেন।

১২। সরবরাহকারী/উৎপাদনকারী/রপ্তানীকারক তিন বৎসর পর্যন্ত এ বিধিমালার অধীন তাঁহার পণ্যের প্রত্যার্পণ সংক্রান্ত দলিলাদি/কাগজপত্র সংরক্ষণ করিবেন এবং পরিদপ্তর ও সংশ্লিষ্ট কালেকটরেটের অনুমোদিত কর্মকর্তাগণের পরিদর্শনের জন্য উপস্থাপন করিতে বাধ্য থাকিবেন।

১৩। এতদ্বারা অত্র বোর্ডের SRO 546-L/84/890/Cus., dated the 10th December, 1984 রহিত করা হইল।

মুহম্মদ মোবারক আলী
প্রথম সচিব (শুল্ক)।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
খোন্দকার মাহ্ফুজাল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।